আশ্রয়ণের অধিকার,
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.০২.০০০০.৭০১.০২.১৬০.২০-৩৫৬৫২

তারিখ ১২ ফাল্গুন ১৪২৬
২৫ ফেব্রুয়ারি ২০২০খ্রি.

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
প্রধানমন্ত্রীর কার্যালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় ঃ ২০১৯-২০ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন "যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ" উপ-খাতের আওতায় নিম্নলিখিত জেলার আওতাধীন উপজেলাসমূহে গৃহহীনদের জন্য ১৩ টি সেমি পাকা গৃহ নির্মাণ ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আমি আদিষ্ট হয়ে নিম্নলিখিত জেলার সংশ্লিষ্ট উপজেলার "যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ" উপ-খাতের আওতায় মোট ১৩টি সেমি পাকা গৃহ নির্মাণ ব্যয় নির্বাহের জন্য প্রতিটি সেমি পাকা ঘর ১.২০ লক্ষ টাকা হিসেবে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ১৫,৬০,০০০.০০ (পনের লক্ষ ষাট হাজার) টাকা বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি -

খুলনা বিভাগ

ক্রঃ নং	জেলা	উপজেলা	ইউনিয়ন	গ্রাম/ওয়ার্ড	উপকারভোগীর নাম	পিতা/স্বামীর নাম	সেমি পাকা ঘরের সংখ্যা	টাকার পরিমাণ
১	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	দোলেনা বেগম	সোহরাব সোল্যা	১	১২০০০০.০০
২	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	মোসাঃ মনোয়ারা বেগম	লিটন	১	১২০০০০.০০
৩	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	মোছাঃ কহিনুর বেগম	মুন্সী ইনামুল হক	১	১২০০০০.০০
৪	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	মোঃ রাসেল মুন্সী	মোঃ আনোয়ার মুন্সী	১	১২০০০০.০০
৫	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	মোঃ তোরাপ আলী শেখ	মৃত ইফসুফ আলী শেখ	১	১২০০০০.০০
৬	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	তাজি বেগম	আদিলুদ্দিন কাজী	১	১২০০০০.০০
৭	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	মুন্সী মেহেদী হাচান	মৃত মোঃ রইচ উদ্দিন রবিউল	১	১২০০০০.০০
৮	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	আলভী কবির তইম	মুন্সী হুমায়ুন কবির	১	১২০০০০.০০
৯	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	মোঃ বাকাদ্দেস মুন্সী	মোঃ আঃ রহীম মুন্সী	১	১২০০০০.০০
১০	নড়াইল	কালিয়া	জয়নগর	কামশিয়া	তোতা মুন্সী	খোরশেদ মুন্সী	১	১২০০০০.০০
১১	নড়াইল	কালিয়া	জয়নগর	নড়াগাতী	মোঃ আলমঙ্গির মুন্সী	মৃত আফসার উদ্দিন মুন্সী	১	১২০০০০.০০
১২	নড়াইল	কালিয়া	জয়নগর	নড়াগাতী	মোঃ আমিরুল শেখ	ছায়েদ আলী শেখ	১	১২০০০০.০০
১৩	নড়াইল	কালিয়া	জয়নগর	নড়াগাতী	সজীব শেখ	টুকু শেখ	১	১২০০০০.০০
						মোট	১৩	১৫৬০০০০.০০

২। তালিকাভুক্ত উপকারভোগীদের যাদের ০১-১০ শতাংশ জমি আছে, কিন্তু ঘর নেই বা ঘর থাকলেও তা বসবাসের অনুপযোগী এ বিষয়ে নিশ্চিত হয়ে উপজেলা নির্বাহী অফিসার অর্থ ছাড় করবেন।

৩। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৬.২০২০ ইং তারিখের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। উল্লেখ্য যে, উপকারভোগীর সাথে পরামর্শ করে মূল কাঠামো পরিবর্তন না করে দরজা, জানালা এবং সুবিধাজনক স্থানে স্থানান্তর করা যেতে পারে।

৪। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৫। উপজেলা নির্বাহী অফিসার এর সভাপতিত্বে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) এর মাধ্যমে ইতোমধ্যে প্রেরিত "যার জমি আছে ঘর নাই, তার নিজ জমিতে গৃহ নির্মাণ" নীতিমালা অনুযায়ী গঠিত কমিটি (পিআইসি) দ্বারা নির্মাণ কাজ বাস্তবায়ন করতে হবে। **''যার জমি আছে ঘর নেই'' এ বিষয়টি নিশ্চিত হয়ে উপজেলা নির্বাহী অফিসার বরাদ্দকৃত অর্থ ব্যয় করবেন।**

৬। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে অত্র দপ্তরে পৌছানো নিশ্চিত করবেন।

৭। এই ব্যয় ৪১১১ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৪১১১১০১ "যার জমি আছে ঘর নাই, তার নিজ জমিতে গৃহ নির্মাণ" উপ-খাতে ১ম, ২য় ও ৩য় কিস্তির ছাড়কৃত অর্থ হইতে নির্বাহ করা হবে।

৮। এই ব্যয় ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৪১১১১০১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।

৯। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০২০ এর পূর্বে চালানের মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২০২ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১০। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং-০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪ খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১১। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত ''emboss '' সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

নির্মিতব্য সেমি পাকা ঘরের নকশা ও প্রাক্কলন আশ্রয়ণ-২ প্রকল্পের ওয়েবসাইট www.ashrayanpmo.gov.bd থেকে সংগ্রহ করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে কোন অস্পষ্টতা থাকলে সরাসরি নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে। উল্লেখ্য, প্রতিটি সেমি পাকা ঘরের নির্মাণ মূল্য ১,২০,০০০.০০ (এক লক্ষ বিশ হাজার) টাকা। এক্ষেত্রে অনুচ্ছেদ ১০ মোতাবেক মূসক ও আয়কর কর্তনের প্রয়োজন নেই।

আপনার বিশ্বস্ত

(মোঃ মাহবুব হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন ঃ ৯১২৪১০০
মোবাইল - ০১৭১১৫৬৪৬৬৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। বিভাগীয় কমিশনার, --।
২। জেলা প্রশাসক, --।
৪। উপজেলা নির্বাহী অফিসার, -----------------------------, ------------------------------।
৫। উপজেলা প্রকৌশলী, ----------------------------------, ------------------------------।
৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ---------------------------, ----------------------(বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।
৭। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, --------------------------------, -----------------------------।
৮। প্রকল্প নথি/অফিস কপি।